



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বর- রাশিবো/কনি/রেজি/(০৮)/০১/১৯১

তারিখ : ১৮ মার্চ ২০২৪

বিষয়: ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে উচ্চ মাধ্যমিক শিক্ষার্থীদের নিবন্ধন কার্ড বিতরণ ও জমা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে অর্থাৎ ২০২৪ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের নিবন্ধন কার্ড নিম্নলিখিত তারিখ অনুযায়ী বিতরণ ও জমা করা যাবে। মুদ্রণকৃত নিবন্ধন কার্ড উচ্চ মাধ্যমিক পরীক্ষা কেন্দ্রের কেন্দ্র সচিবগণ বোর্ড থেকে সংগ্রহ করবেন এবং প্রতিষ্ঠান সমূহ কেন্দ্র সচিবের নিকট হতে নিবন্ধন কার্ড গ্রহণ করবেন। নিবন্ধন কার্ড শিক্ষার্থীর স্বাক্ষরসহ অন্যান্য কার্যক্রম সম্পন্ন করে তা নির্ধারিত তারিখে স্ব-স্ব প্রতিষ্ঠান সমূহ শিক্ষা বোর্ডে জমা দিবেন। গ্রহণের সময় কলেজের নাম, ই.আই.এন নম্বর, কলেজ কোড, ডাকঘর, উপজেলা, জেলা এবং প্রয়োজনীয় মোবাইল/টেলিফোন নম্বরযুক্ত করে কলেজের নির্ধারিত প্যাডে অধ্যক্ষের ফরওয়ার্ডিংসহ আবেদন দাখিল করতে হবে।

ক্রমিক	কাজের বিবরণ	তারিখ	জেলা সমূহ
১.	নিবন্ধন কার্ড বিতরণ	১৯/০৩/২০২৪	জয়পুরহাট, বগুড়া
		২০/০৩/২০২৪	পাবনা, সিরাজগঞ্জ
		২১/০৩/২০২৪	নওগাঁ, নাটোর
		২৪/০৩/২০২৪	রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ
২.	সীলমোহর যুক্ত নিবন্ধন মুড়ি বই বোর্ডে জমা দান	০১/০৪/২০২৪	জয়পুরহাট, বগুড়া
		০২/০৪/২০২৪	পাবনা, সিরাজগঞ্জ
		০৩/০৪/২০২৪	নওগাঁ, নাটোর
		০৪/০৪/২০২৪	রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ

মুদ্রণকৃত নিবন্ধন কার্ড বোর্ড থেকে গ্রহণ ও জমা দেয়ার পূর্বে নিম্নবর্ণিত নির্দেশাবলী অবশ্যই যথাযথ ভাবে পালন করতে হবে।

১। গ্রহণকৃত সমস্ত নিবন্ধন কার্ড শ্রেণিরোল অনুসারে সাজিয়ে মুড়ির অংশটুকু হার্ডবোর্ড ও কাপড় দিয়ে বই আকারে বাঁধাই করে কলেজের গোল সীলমোহর লাগিয়ে একসঙ্গে জমা দিতে হবে। উল্লেখ্য, ১০০ (একশত) এর বেশী কার্ড বই আকারে বাঁধাই করা যাবে না। ভুল নিবন্ধন কার্ড বই আকারে বাঁধাই না করে নিবন্ধন কার্ড সংশোধন করার পর জমা দিতে হবে।

২। নিবন্ধন কার্ডে শিক্ষার্থী, পিতা, মাতার নামে আক্ষরিক কিংবা বিষয় কোড ভুল হলে নিবন্ধন কার্ড ফটোকপি করে ফটোকপিতে লাল কালি দিয়ে ভুল অংশ কেটে সঠিক তথ্য লিখে ২ সেট আবেদন ফটোকপিসহ ১৮/০৪/২০২৪ তারিখের মধ্যে কলেজ নিবন্ধন শাখায় শিক্ষার্থী প্রতি ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা হারে সোনালী সেবা করে নিবন্ধন কার্ড সংশোধন করা যাবে। উচ্চ মাধ্যমিক ২০২৪ পরীক্ষার পূর্ব দিন পর্যন্ত নিবন্ধনপত্র সংশোধন ফি ৩০০/- (তিনশত) টাকা এবং পরীক্ষা চলাকালীন সংশোধন ফি (নিবন্ধনপত্র ৫০০/- ও প্রবেশপত্র ৫০০/-) মোট = ১০০০/- (এক হাজার) টাকা দিয়ে শুধু মাত্র বিষয় কোড সংশোধন করা যাবে।

চেয়ারম্যানের আদেশক্রমে



মো. এনামুল হক ০১৫২৫৮
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
ফোন : ০২৫৮৮৮৫৫৯৬৩

স্মারক নম্বর- রাশিবো/কনি/রেজি/(০৮)/০১/১৯১(২)

তারিখ : ১৮ মার্চ ২০২৪

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- সচিব/পরীক্ষা নিয়ন্ত্রক/উপ-পরিচালক(হি: ও নি:)/সিনিয়র সিস্টেম এনালিস্ট
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
- একান্ত সচিব/শাখা কর্মকর্তা/হিসাব আয় শাখা/উচ্চ মাধ্যমিক পরীক্ষা শাখা/অফিস কপি



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী